



‘বঙ্গবন্ধুকে নিয়ে স্বল্পদৈর্ঘ্য কাহিনী ও প্রামাণ্য চলচ্চিত্র আহ্বান’

‘অংশগ্রহণের নীতিমালা’

স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র, চলচ্চিত্রের অন্যতম প্রধান শাখা এবং বিগত বছরগুলোতে আমাদের দেশে তৈরী হয়েছে বহু মানসম্মত স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ উপলক্ষে ‘বঙ্গবন্ধুকে নিয়ে স্বল্পদৈর্ঘ্য কাহিনী ও প্রামাণ্য চলচ্চিত্র’ আহ্বান করা হয়েছে। তরুণ প্রজন্মের মাঝে চলচ্চিত্রের মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনাকে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির এই উদ্যোগ।

প্রয়োজনীয় তথ্য:

১. বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে সারাদেশ থেকে ‘বঙ্গবন্ধুকে নিয়ে স্বল্পদৈর্ঘ্য কাহিনী ও প্রামাণ্য চলচ্চিত্র’ আহ্বান করা হয়েছে।
২. সর্বোচ্চ ৫মিনিট দৈর্ঘ্যের স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র হতে হবে। নির্মিত চলচ্চিত্র মৌলিক হতে হবে।
৩. দেশের যে কোন প্রান্তের যে কোন বয়সের নির্মাতা যে কোন ফরম্যাটে নির্মিত স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র জমা দেওয়া যাবে।
৪. উৎসবে অংশগ্রহণকৃত স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র হতে প্রত্যেক বিভাগে সেরা তিনটি চলচ্চিত্রগুলিকে পুরস্কৃত করা হবে।
৫. জুরি বোর্ড মাধ্যমে যাচাই-বাছাইয়ের পর মনোনিত চলচ্চিত্রগুলো নিয়ে প্রদর্শনী আয়োজন করা হবে এবং চলচ্চিত্র নির্মাতাদেরকে সনদপত্র প্রদান করা হবে।
৬. নির্দিষ্ট আবেদন ফরমে যথাযথভাবে নির্ধারিত সময়ের আগে চলচ্চিত্র জমা দিতে হবে।
৭. অংশগ্রহণের জন্য আবেদনকারীকে আবেদন পত্রেরসাথে সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত (সফট কপি - বিজয় ফন্টে) ও ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র / জন্মনিবন্ধন / পাসপোর্টের ফটোকপি, শিক্ষার্থী হলে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র এর ফটোকপি সংযুক্ত করে দিতে হবে।
৮. নির্মিত চলচ্চিত্রের সাথে সংশ্লিষ্টদের নাম ও চলচ্চিত্রের কাহিনী সংক্ষেপ (সফট কপি - বিজয় ফন্টে) এবং চলচ্চিত্রের পোস্টার ও স্টীল ছবি (যদি থাকে) জমা দিতে হবে।
৯. স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র জমাদানের শেষ তারিখ ৩০ মে ২০১৯।
১০. ফরম ও নীতিমালাসহ বিস্তারিত তথ্যের জন্য একাডেমির ওয়েবসাইট ভিজিট করুন।

প্রয়োজনীয় তথ্য, আবেদন ফরম সংগ্রহ ও জমাদানের জন্য যোগাযোগ :

ইমেইল- shilpakalabd@gmail.com

ওয়েবসাইট: <http://shilpakala.gov.bd/>

ঠিকানা: মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০



বঙ্গবন্ধুকে নিয়ে স্বল্পদৈর্ঘ্য কাহিনী ও প্রামাণ্য চলচ্চিত্র আহ্বান
আবেদন ফরম

১. আবেদনকারীর নাম (বাংলা) :.....
(ইংরেজী) :.....
২. যোগাযোগের ঠিকানা :.....
৩. মোবাইল নং :..... ই-মেইল :
৪. জন্ম তারিখ :..... পেশা :.....
৫. স্বল্পদৈর্ঘ্য / প্রামাণ্য চলচ্চিত্রের নাম :.....
৬. নির্মাণের সময়কাল :..... চলচ্চিত্রের পূর্বের প্রদর্শনী সংখ্যা:
৭. চলচ্চিত্রের ব্যাপ্তি :..... চলচ্চিত্রের ফরম্যাট.....
৮. নির্মাতার নির্মিত উল্লেখযোগ্য চলচ্চিত্রের নাম :.....
৯. উৎসবে অংশগ্রহণের জন্য আবেদনকারীকে ফর্মের সাথে সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত (সফট কপি - বিজয় ফন্টে) ও ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র / জন্মনিবন্ধন / পাসপোর্টের ফটোকপি, শিক্ষার্থী হলে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র এর ফটোকপি সংযুক্ত করে দিতে হবে।
১০. নির্মিত চলচ্চিত্রের সাথে সংশ্লিষ্টদের নাম ও চলচ্চিত্রের কাহিনী সংক্ষেপ (সফট কপি - বিজয় ফন্টে) এবং চলচ্চিত্রের পোস্টার ডিজাইন ও স্টীল ছবি (যদি থাকে) জমা দিতে হবে।
১১. চলচ্চিত্র জমাদানের জন্য যোগাযোগ: কক্ষ নং- ৫০৭ (লিফটের ৪) এবং কক্ষ নং: ৬০১ (লিফটের ৫), জাতীয় নাট্যশালা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা- ১০০০।
১২. আমি..... উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্রের (পরিচালক/প্রযোজক) এই মর্মে স্বীকারোক্তি দিচ্ছি যে, উল্লিখিত সকল তথ্য সত্য এবং আমি এই চলচ্চিত্র ‘বাংলাদেশ শিল্পকলা একাডেমি’তে জমা দেয়ার জন্য যথার্থ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি। এই প্রামাণ্য চলচ্চিত্রের মেধাসত্ত্ব আমার এবং প্রদর্শনী বা প্রদর্শনী পরবর্তী যে কোন সময়ে প্রয়োজনীয় প্রদর্শনীর জন্য আমি সকল প্রকার অনুমতি প্রদান করছি। আমি সমস্ত শর্তাবলী পাঠপূর্বক এই ফর্মে স্বাক্ষর করলাম।

আবেদনকারীর নাম :.....

স্বাক্ষর :.....

তারিখ :.....